

আপনার কি অভিবাসন সহায়তা দরকার?

দ্য অফিস ফর নিউ আমেরিকানস (ONA) নিউ ইয়র্ক স্টেট-এর সমস্ত অভিবাসনকারীদের জন্য বিনামূল্যে পরিষেবা প্রদান করে।

সম্প্রদায়-ভিত্তিক পরিষেবাসমূহ

ONA-এর সম্প্রদায়-ভিত্তিক **অপারচুনিটি সেন্টারগুলি**র এক স্টেট ব্যাপী পারস্পরিক যোগাযোগ আছে যারা বিনামূল্যে এবং গোপনীয়তা বজায় রেখে পরিষেবা প্রদান করে, যার অন্তর্গত হল ন্যাচারালাইজেশন বা নাগরিকত্ব লাভে সহযোগিতা করা, সিভিকস পরীক্ষার জন্য প্রস্তুত করা, আইনি পরামর্শ দেওয়া, এবং সম্প্রদায়-ভিত্তিক কর্মশালাসমূহ পরিচালনা করা।

অভিবাসনকারীদের সম্প্রদায় অনুসন্ধানকারীরা বা **ইমিগ্র্যান্ট কমিউনিটি নেভিগেটরদের** তৃণমূল স্তরের ব্যক্তিদের এক পারস্পরিক যোগাযোগ ব্যবস্থা যারা যাদের অভিবাসন সংক্রান্ত পরিষেবাগুলি ও তথ্য সরেচেয়ে বেশি দরকার হয় তাদের মধ্যে যোগাযোগ গড়ে তুলতে সাহায্য করে। **গোল্ডেন ডোর** বা **স্বর্ণদ্বার** কর্মসূচী সারা স্টেট ব্যাপী অভিবাসনকারী পরিবারগুলিকে মানসিক স্বাস্থ্য বিষয়ক সহযোগিতা প্রদান করে এবং তাদেরকে অন্যান্য বিনামূল্যে প্রাপ্য তথ্যসম্পদগুলি দেয়। **রামিরেজ জুন ইনিশিয়েটিভ** বৌদ্ধিক / বিকাশ জনিত অক্ষমতাসমূহ থাকা নতুন আমেরিকানদের ONA নেটওয়ার্কের সাথে যুক্ত হবার সক্ষমতা গড়ে তোলে এবং নিউ ইয়র্ক স্টেট-এর পরিবারগুলিকে সম্পদ, তথ্য, ও পরিষেবাগুলির সাথে সংযুক্ত করে।

ইংরাজি ভাষা শেখা

অপারচুনিটি সেন্টারগুলি– অন্যান্য ভাষাভাষীদের জন্য **ইংরাজি বা ইংলিশ ফর স্পিকারস অফ আদার ল্যাংগুয়েজেস (ESOL)** একটি কর্মশক্তি উপকরণের সাহায্যে বিনামূল্যে ইংরাজি ভাষা শিখবার প্রশিক্ষণ দেয়।

কর্মশক্তি বিকাশ

নিউ আমেরিকানস ক্যান কোড নামক উদ্যোগটি স্বল্প রোজগার থাকা নতুন আমেরিকানদের বিনামূল্যে প্রাথমিক ডিজিটাল স্বাক্ষরতা প্রদান করে পাশাপাশি আরও উন্নত সফটওয়্যার কোডিং করার প্রশিক্ষণ দেয়।

প্রফেশনাল প্যাথওয়েজ ফর হাই-স্কিলড ইমিগ্র্যান্টস বা উচ্চ-দক্ষতা সম্পন্ন অভিবাসনকারীদের পেশাদার গতিপথ নামক কর্মসূচী উচ্চ দক্ষতা সম্পন্ন অভিবাসনকারী চাকরি প্রার্থীদের স্থানীয় ONA জব কোচদের সাথে সংযুক্ত করে, পাশাপাশি তাদেরকে এক স্টেট ব্যাপী লীড এজেন্সিদের দিক থেকে সমর্থন জোগাড় করে দেয় যেন চাকরি করার জন্য দরকারী প্রশিক্ষণ ও সার্টিফিকেট অর্জনের ব্যবস্থা করা যায় যার থেকে দক্ষতাসমূহ ও অভিজ্ঞতার বিষয়ে জানা যায়।

আইনি পরিষেবাসমূহ

ONA **লিগাল কাউন্সিলসমূহ** নিয়মিত আইনি পরিষেবাদান দিবস পালন করে থাকে এবং নাগরিকত্ব অর্জনের জন্য প্রয়োজনীয় সহযোগিতা করার পাশাপাশি আইনি পরিষেবাসমূহ দিয়ে থাকে। **লিবার্টি ডিফেন্স প্রোজেক্ট (LDP)** হল আইনি পরিষেবা প্রদানকারীদের একটি স্টেট ব্যাপী নেটওয়ার্ক যারা অভিবাসনকারীদেরকে সহযোগিতা করে থাকে, তাদের অভিবাসনের মর্যাদা যেমনই হোক না কেন এবং তাদেরকে দেশ থেকে বের করে দেবার সাজা হবার মতো পরিস্থিতি হলেও বিনামূল্যে আইনি পরিষেবাগুলি দিয়ে থাকে এবং তাদের হয়ে সরাসরি প্রতিনিধিত্বও করে থাকে। ONA আইনি পরামর্শদাতারা এবং LDP অংশীদাররাও আইন সংক্রান্ত কর্মশালাগুলি করে থাকে যার মধ্যে আপনার অধিকার জানুন নামক প্রশিক্ষণও অন্তর্ভুক্ত।

এইসব পরিষেবাগুলির যেকোনোটা পেতে হলে, নিউ ইয়র্ক স্টেট নিউ আমেরিকানস হটলাইনে কল করুন:

1-800-566-7636

*সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা – রাত 8টা, ছুটির দিনগুলি বাদে ফোনের মাধ্যমে লেনদেন করা সমস্ত তথ্য গোপনীয়
200+ সংখ্যক ভাষায় সহযোগিতা পাওয়া যায়।*

আপনার কাছাকাছি থাকা ONA পরিষেবাগুলি কোথায় পাওয়া যায় সেটা এখান থেকে দেখুন: <https://dos.ny.gov/office-new-americans>